গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০১১.১৯-২৬৫ তারিখ: ২৭.০৬.২০১৯ খ্রি:

বিষয়: **স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানে রাজস্বখাতে পদ সৃজনের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভার তারিখ | : ২৫.০৬.২০১৯ খ্রি: |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| সভাপতি | : মোঃ হাবিবুর রহমান খান<br>অতিরিক্ত সচিব (প্রশাসন),<br>স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে রোকেয়া বেগম, উপ-সচিব (পার-৪) অধিশাখা অদ্যকার সভার আলোচ্য বিষয় অনুসারে ০৩ (তিন) টি প্রতিষ্ঠান এবং বিভিন্ন প্রতিষ্ঠানে মেডিসিন বিষয়ক পদ সৃজনের বিষয়ে আলোকপাত করেন। প্রতিষ্ঠানগুলো হলো: শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতাল, গোপালগঞ্জ এর পদ সৃজন, শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ ও হাসপাতাল, গোপালগঞ্জ এর পদ সৃজন, স্বাস্থ্য অধিদপ্তর এর এমআইএস শাখার জন্য পদ সৃজন এবং ৩১টি মেডিকেল কলেজ হাসপাতাল, ০১টি ডেন্টাল কলেজ হাসপাতাল, ৯টি বিশেষায়িত হাসপাতাল, ৫৯ জেলা সদর/জেনারেল হাসপাতাল, ৪২৫টি উপজেলা হাসপাতালে মেডিসিন বিষয়ে পদ সৃজন।

১। **<u>শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতাল, গোপালগঞ্জ এর পদ সৃজনঃ</u>**

বাংলাদেশের বর্তমান জনসংখ্যার তুলনায় জনবল এবং সেবাদানকারী প্রতিষ্ঠান সরকারী ভাবে অপ্রতুল সরকারী চিকিৎসা প্রতিষ্ঠান থেকে স্বাস্থ্য সেবা প্রদানে বর্তমান সরকার বদ্ধপরিকর। এরুপ প্রত্যাশার কথা বিবেচনা করে গোপালগঞ্জে শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতাল নামে একটি পুর্ণাঙ্গ মেডিকেল কলেজ হাসপাতাল নির্মাণ কাজ চলমান। হাসপাতালটি মেডিকেল কলেজের জন্য Teaching Hospital হিসেবে ব্যবহৃত হবে এবং দেশের জনগণ তুলনামূলক ভাবে স্বল্প ব্যয়ে স্বাস্থ্য সেবা পাবে। সেই সাথে দক্ষ স্বাস্থ্য সেবা দানকারী জনবল তৈরী করার লক্ষ্যে রাজস্বখাতে স্থায়ীভাবে শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতাল, গোপালগঞ্জ এর জন্য একনেকে অনুমোদিত ডিপিপি অনুযায়ী ১০২০টি পদ সৃজনের বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রস্তাব করা হয়েছে।প্রস্তাবিত পদের মধ্যে ১ম শ্রেণীর-২১৭টি, ২য় শ্রেণীর-৩৬টি, ৩য় শ্রেণীর-৩৪৭টি, ৪র্থ শ্রেণীর-৪২০টি পদ রয়েছে। সভায় অংশগ্রহণকারীগণ উল্লেখ করেন যে, মেডিকেল কলেজ হাসপাতালের জন্য কোন স্ট্যান্ডার্ড সেট আপ না থাকায় একই শয্যা বিশিষ্ট দেশের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে পদ সৃজনে বিচ্যুতি লক্ষ্য করা

যাচ্ছে। ফলশ্রুতীতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ হতে বিভিন্ন ধরণের এবং সংখ্যাগত পার্থক্য করে পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়। কিন্তু একই শয্যা বিশিষ্ট হাসপাতালে একই ধরণের সমসংখ্যক পদ, বিভাগ, Need assessment করে সৃজন করা বাঞ্চনীয়। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

আলোচনা থেকে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক এমআইএস এর নেতৃত্বে শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতাল, গোপালগঞ্জ কে ভিত্তি ধরে ৫০০ শয্যা বিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতালের স্ট্যান্ডার্ড সেট আপ প্রনয়ন করে আগামী ১৫.০৭.২০১৯ তারিখের মধ্যে শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতাল, গোপালগঞ্জ এর প্রস্তাবসহ স্ট্যান্ডার্ড সেট আপ স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করবে।

২। **শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ হাসপাতাল, গোপালগঞ্জ এর পদ সৃজনঃ**

স্বাস্থ্য অধিদপ্তর হতে শেখ লুৎফর রহমান ডেন্টাল হাসপাতাল, গোপালগঞ্জ এর জন্য ১৯৭টি পদ সৃজনের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত পদের মধ্যে ১ম শ্রেণীর-৪৬টি, ২য় শ্রেণীর-৭৫টি, ৩য় শ্রেণীর-২৩টি, ৪র্থ শ্রেণীর-৫৩টি পদ রয়েছে। প্রস্তাবের সাথে অর্গানোগ্রাম প্রেরণ করা হয়নি, নিয়োগ বিধি ও খসড়া নিয়োগবিধি পৃথক করে দেখানো হয়নি। উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের পদ সৃষ্টির চেকলিস্টের ক্রমিক নং ০৪ অনুযায়ী Allocation of Business এর কপি ও ১৫ নং ক্রমিকের নির্ধারিত ছকে কর্মপরিকল্পনা স্বয়ংসম্পূর্ণভাবে প্রেরণ করেননি।

আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) শেখ লুৎফর রহমান ডেন্টাল হাসপাতালে ১৯৭টি পদ সৃজনের বিষয়ে ০১ (এক) টি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পার-৪ অধিশাখা হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(ii) প্রস্তাবের অসম্পূর্ণ বিষয়গুলো প্রকল্প পরিচালক, শেখ লুৎফর রহমান ডেন্টাল হাসপাতাল পার-৪ অধিশাখায় সরবরাহ করবে।

৩। **স্বাস্থ্য অধিদপ্তরে এমআইএস শাখার জন্য পদ সৃজনঃ**

স্বাস্থ্য অধিদপ্তর এর এমআইএস শাখা ডিজিটাল স্বাস্থ্য ব্যবস্থাপনার একটা গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। বর্তমান সরকারের ডিজিটাল রূপকল্প বাস্তবায়নের নিমিত্তে স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস শাখা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। স্বাস্থ্য সেক্টরের সকল আইসিটি কার্যক্রম (এইচআরআইএস, ডিএইচআইএস-২, হসপিটাল অটোমেশন, শেয়ার্ড হেলথ রেকর্ড, ট্রমা এটেনডেন্স, হেলথ বুলেটিন, টেলিমেডিসিন, স্বাস্থ্য বাতায়ন, কমপ্লেইন সাজেশন), এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত হচ্ছে। কিন্তু সহায়ক জনবলের অভাবে এমআইএস এর আইট কার্যক্রম যথাযথ গতিশীল করা সম্ভব হচ্ছে না। সুতরাং, স্বাস্থ্য সেবার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর ও ৮টি বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তরের জন্য নিম্নোক্ত ৪০(চল্লিশ)টি নতুন পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের প্রস্তাবটি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সহায়ক পদ সৃজনের বিষয়ে মতামত ব্যক্ত করা হয়।

আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) স্বাস্থ্য অধিদপ্তরের MIS শাখার অধীনে ৮টি স্বাস্থ্য বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ে সহায়ক পদ সহ একটি সংশোধনী প্রস্তাব পরিচালক MIS প্রেরণ করবে।

৪। **৩১টি মেডিকেল কলেজ হাসপাতাল, ০১টি ডেন্টাল কলেজ হাসপাতাল, ৯টি বিশেষায়িত হাসপাতাল, <u>৫৯ জেলা সদর/জেনারেল হাসপাতাল, ৪২৫টি উপজেলা হাসপাতালে মেডিসিন বিষয়ে পদ সৃজনঃ</u>**

স্বাস্থ্য অধিদপ্তর হতে ৩১টি সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল (পুরাতন ও নতুন), ১টি ডেন্টাল কলেজ হাসপাতাল, ০৯ (নয়) টি বিশেষায়িত হাসপাতাল, ৪২৫টি (৫০/৩১ শয্যা বিশিষ্ট) উপজেলা হাসপাতালে মেডিসিন বিভাগে বিভিন্ন ক্যাটাগরির ৪১৪৫টি ক্যাডার পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবটি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা থেকে নিম্নবর্ণিত সিদ্ধান্ত হয়।

আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) বাংলাদেশে ক্রমবর্ধমান জনসংখ্যা ও নিত্য নতুন সংক্রামক ও অসংক্রামক রোগীর তুলনায় মেডিসিন বিভাগে বিশেষায়িত চিকিৎসকের সংখ্যা খুবই অপ্রতুল হওয়ায় বিভিন্ন ক্যাটাগরির ৪১৪৫টি পদ সৃজনের প্রস্তাব পার-৪ অধিশাখা কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

(মোঃ হাবিবুর রহমান খান)
সভাপতি
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০১১.১৯ – ২৬৩ (৭/১২) তারিখ: ২৭.০৬.২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।

৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৫। প্রফেসর ডা: খান আবুল কালাম আজাদ, অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ,ঢাকা।

৬। প্রফেসর ডা: টিটো মিঞা, অধ্যাপক (মেডিসিন), ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।

৭। প্রফেসর ডা: বিল্লাল আলম, অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব মেডিসিন।

৮। প্রফেসর ডা: মো: আহমেদুল কবির, মহাসচিব, বাংলাদেশ সোসাইটি অব মেডিসিন।

৯। প্রকল্প পরিচালক, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতাল, গোপালগঞ্জ।

১০। প্রকল্প পরিচালক, শেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ ও হাসপাতাল, গোপালগঞ্জ।

১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১২। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁকে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

(স্বাক্ষরিত) ২৭/০৬/১৯

রোকেয়া বেগম

উপসচিব